

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১২৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২০১]

১৯/ তাহাজ্বুদ বা রাতের সালাত (کتاب التهجد)

পরিচ্ছেদঃ ৭৫৯. সালাতে পুরুষদের জন্য যে 'তাসবীহ্' ও 'তাহ্মীদ' বৈধ ।

باب مَا يَجُونُ مِنَ التَّسْبِيحِ وَالْحَمْدِ فِي الصَّلاَةِ لِلرِّجَالِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ أَبِي حَازِمٍ، عَنْ أَبِيهِ، عَنْ سَهْلٍ وضى الله عنه - قَالَ خَرَجَ النَّبِيُّ صلى الله عليه وسلم يُصلِّحُ بَيْنَ بَنِي عَمْرِو بْنِ عَوْفٍ، وَحَانَتِ الصَّلاَةُ، فَجَاءَ بِلاَلٌ أَبَا بَكْرٍ - رضى الله عنهما - فَقَالَ حُبِسَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَتَوُّمُ النَّاسَ قَالَ نَعَمْ إِنْ شِئْتُمْ. فَأَقَامَ بِلاَلٌ الصَّلاَةَ، فَتَقَدَّمَ أَبُو بَكْرٍ - رضى الله عنه - فَصلَلَى، فَجَاءَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَمْشِي فِي الصَّفُوفَ يَشُقُها شَقًا لله عنه - فَصلَلَى، فَجَاءَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَمْشِي فِي الصَّفُوفَ يَشُقُها شَقًا حَتَّى قَامَ فِي الصَّفُ وَلَا النَّعَمْ فِيحِ قَالَ سَهْلٌ هَلْ تَدْرُونَ مَا التَّصنْفِيحُ هُوَ التَّصْفِيقُ. وَكَانَ أَبُو بَكْرٍ - رضى الله عنه - لاَ يَلْتَفِتُ فِي صَلاَتِهِ، فَلَمَّا أَكْثَرُوا الْتَفَتَ هُوَ التَّعْفُونَ عَمَا الله عليه وسلم في الصَّفِ الله عليه وسلم في الصَّفِ فَي الصَّفِيقُ أَبُو بَكْرٍ عَلَى الله عليه وسلم فَي الصَّفَ فَي الصَّفَ أَبُو بَكْرٍ عَلَى الله عليه وسلم فَصلَلَى. فَرَفَعَ أَبُو بَكْرٍ يَدَيْهِ، فَوَمَدَ اللَّه، ثُمَّ رَجَعَ الْقَهْقَرَى وَرَاءَهُ وَتَقَدَّمَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَصلَّى.

বাংলা

১১২৮। আবদুল্লাহ ইবনু মাসলামা (রহঃ) ... সাহল ইবনু সা'দ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বনূ আমর ইবনু আওফ এর মধ্যে মীমাংসা করে দেওয়ার উদ্দেশ্যে বের হলেন, ইতিমধ্যে সালাতের সময় উপস্থিত হল। তখন বিলাল (রাঃ) আবূ বক্র (রাঃ)-এর কাছে এসে বললেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কর্মব্যস্ত হয়ে পড়েছেন। আপনি লোকদের সালাতে ইমামতি করবেন? তিনি বললেন, হ্যাঁ, যদি তোমরা চাও। তখন বিলাল (রাঃ) সালাতের ইকামত বললেন, আবূ বকর (রাঃ) সামনে এগিয়ে গিয়ে সালাত শুরু করলেন। ইতিমধ্যে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাশরীফ আনলেন এবং কাতার ফাঁক করে সামনে এগিয়ে গিয়ে কাতারে দাঁড়ালেন। মুসল্লীগণ 'তাসফীহ' করতে লাগলেন।

সাহ্ল (রাঃ) বললেন, তাসফীহ্ কি তোমরা জানো? তা হলে 'তাসফীক্'* (তালি বাজান।) আবূ বকর (রাঃ) সালাত (নামায/নামাজ) অবস্থায় এদিক সেদিক লক্ষ্য করতেন না। মুসল্লীগণ অধিক তালি বাজালে তিনি সে দিকে লক্ষ্য



করামাত্র নবী সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম কে কাতারে দেখতে পেলেন। তখন নবী সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম তাঁকে ইশারা করলেন-যথাস্থানে থাক। আবূ বকর (রাঃ) তখন দু'হাত তুলে আল্লাহ তা'আলার হাম্দ বর্ণনা করলেন এবং পিছু হেঁটে চলে এলেন। নবী সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম সামনে অগ্রসর হয়ে সালাত আদায় করলেন।

English

Narrated Sahl bin Sa'd:

The Prophet (ﷺ) went out to affect a reconciliation between the tribes of Bani `Amr bin `Auf and the time of the prayer became due; Bilal went to Abu Bakr and said, "The Prophet (ﷺ) is detained. Will you lead the people in the prayer?" Abu Bakr replied, "Yes, if you wish." So Bilal pronounced the Iqama and Abu Bakr led the prayer. In the meantime the Prophet (ﷺ) came crossing the rows (of the praying people) till he stood in the first row and the people started clapping. Abu Bakr never looked hither and thither during the prayer but when the people clapped too much, he looked back and saw the Prophet (ﷺ) in the (first) row. The Prophet (ﷺ) waved him to remain at his place, but Abu Bakr raised both his hands and sent praises to Allah and then retreated and the Prophet (ﷺ) went forward and led the prayer.

ফুটনোট

* 'তাসফীক্' (تصفيق) এক হাতের তালু দ্বারা অন্য হাতের তালুতে আঘাত করা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন